

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৩২৬(আগরতলা ৩০।০৩)
পানিসাগর, ৩০ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

পানিসাগরে মহিলা ভোটগ্রহণ কর্মীদের মহড়া

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের ৫৮-পানিসাগর বিধানসভা নির্বাচনী ক্ষেত্রে নির্বাচনের কাজে নিযুক্ত মহিলা ভোটগ্রহণ কর্মীদের নিয়ে গতকাল প্রথম পর্যায়ের নির্বাচনী মহড়া অনুষ্ঠিত হয়। পানিসাগর মহকুমা শাসক কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত মহড়ায় ২৩ জন ভোটগ্রহণ কর্মী অংশগ্রহণ করেন। এরমধ্যে ৫ জন প্রিসাইডিং অফিসার, ৫ জন ফাস্ট পোলিং অফিসার, ৫ জন সেকেন্ড পোলিং অফিসার, ৩ জন থার্ড পোলিং অফিসার ও ৫ জন গ্রুপ-ডি কর্মী রয়েছেন। মহড়ায় ডিসিএম অনিরুদ্ধ দাস, ডিসিএম প্রদীপ কুমার সরকার, পানিসাগর ব্লকের অতিরিক্ত বিডিও জয়মানিক বংশী এবং নির্বাচনের কাজে নিযুক্ত মাস্টার ট্রেনারগণ ভোটগ্রহণ কর্মীদের ভোটগ্রহণের বিষয়ে বৈদ্যুতিন পদ্ধতিতে প্রয়োজনীয় প্রশিক্ষণ দেন।
